গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট
শিক্ষা ভবন, ঢাকা

বিষয়: বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিটের ২০২৩-২০২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ কামাল হোসেন<br>পরিচালক, প্রশাসন ও অর্থ (অ.দা) ও টিম লিডার |
| তারিখ | : | ১৮ অক্টোবর, ২০২৩ খ্রি. |
| সময় | : | দুপুর ১২.০০টা |
| স্থান | : | সভাকক্ষ, সিপিইআইইউএম, শিক্ষা ভবন, ঢাকা। |

সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাগণের তালিকা "পরিশিষ্ট ক"-তে সন্নিবেশ করা হলো।

সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভাপতি জনাব মোঃ কামাল হোসেন, পরিচালক (প্রশাসন ও অর্থ) সভাকে অবহিত করেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতির (Citizen's Charter) সুষ্ঠু বাস্তবায়নের মাধ্যমে ইউনিটের সেবা প্রক্রিয়ায় স্বচ্ছতা, জবাবদিহিতা ও শৃঙ্খলা আনয়ন করা যায়। এ কারণে ইউনিটের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা সুষ্ঠুভাবে বাস্তবায়ন বিশেষভাবে গুরুত্বপূর্ণ।

২। অতপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ইউনিটের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সদস্য সচিব ও সহকারী পরিচালক (প্রশাসন) জনাব মোঃ জিল্লুর রহমান ইউনিটের ২০২৩-২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত তথ্যাদি সভায় উপস্থাপন করেন।

৩। সভায় বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নম্বর | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | ইউনিটের ২য় ত্রৈমাসিকের সেবা প্রদান প্রতিশ্রুতি পর্যালোচনা ও হালনাগাদকরণ। | সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সদস্য সচিব জনাব মোঃ জিল্লুর রহমান, সহকারী পরিচালক (প্রশাসন) জানান, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ১ম ত্রৈমাসিকের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে গত ২৮ আগস্ট ২০২৩ তারিখের ৩৮.২০৫.০০১.০১.০০০.০৫৯.২০১৬.৪০৬ নং স্মারকে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং তা গত ২০ সেপ্টেম্বর ২০২৩ তারিখে ইউনিটের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। সভায় ২০২৩-২০২৪ অর্থবছরের ২য় ত্রৈমাসিকের সেবা প্রদান প্রতিশ্রুতি পর্যালোচনা ও হালনাগাদের বিষয়ে আলোচনা করা হয়। হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতিটি আগামী নভেম্বর ২০২৩ মাসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণসহ ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে আলোচনা করা হয়। | অংশীজনের মধ্যে সেবা অধিকতর সহজীকরণ, সেবা প্রাপ্তির পদ্ধতি, সেবামূল্য, সেবা প্রদানের সময়সীমা, সেবা প্রদানকারী কর্মকর্তা-কর্মচারীদের নাম, পদবি, যোগাযোগ নম্বর, অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি উল্লেখসহ ২০২৩-২৪ অর্থবছরের ২য় ত্রৈমাসিকের (অক্টোবর-ডিসেম্বর, ২০২৩) সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক আগামী ০৫ নভেম্বর ২০২৩ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণসহ ইউনিটের ওয়েবসাইটে আপলোডের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী পরিচালক (প্রশাসন) |
| ২. | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর ২য় ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন প্রণয়ন। | সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সদস্য সচিব জনাব মোঃ জিল্লুর রহমান, সহকারী পরিচালক (প্রশাসন) সভায় ২০২৩-২০২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনার প্রাতিষ্ঠানিক কার্যক্রম ও বাস্তবায়ন সক্ষমতা উন্নয়ন সংক্রান্ত বিষয়াবলী তুলে ধরেন। কর্মপরিকল্পনায় উল্লেখিত কার্যক্রমসমূহ চলতি অর্থবছরের অবশিষ্ট ৩টি ত্রৈমাসিকে সফলতার সঙ্গে | ইউনিটের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এ গৃহীত কার্যক্রমসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করে বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন আগামী ১০ জানুয়ারি, ২০২৩ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের প্রশাসন-২ অধিশাখায় প্রেরণসহ এতৎসংক্রান্ত প্রকাশযোগ্য বিষয়াদি | উপপরিচালক (প্রশাসন) ও সহকারী পরিচালক (প্রশাসন) |

| ক্রমিক নম্বর | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | বাস্তবায়ন করে বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন পরবর্তী ত্রৈমাসিকে মন্ত্রণালয়ের প্রশাসন-২ অধিশাখায় প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত বিষয়াদি যথাসময়ে ইউনিটের ওয়েবসাইটে আপলোডের বিষয়ে আলোচনা করা হয়। | ইউনিটের ওয়েবসাইটে আপলোডের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৩. | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন। | বিকল্প ফোকাল পয়েন্ট জানান, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ২.২ কার্যক্রম অনুযায়ী ইউনিটের কর্মকর্তা-কর্মচারীদের জন্য চলতি অর্থবছরে একটি কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজনের কর্মপরিকল্পনা রয়েছে। সভায় কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ২.২ কার্যক্রম অনুযায়ী নভেম্বর ২০২৩ মাসের মধ্যে "ইউনিটের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ বাস্তবায়ন" সংক্রান্ত দিনব্যাপী প্রশিক্ষণ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ৪. | বিবিধ: সেবা প্রদান প্রতিশ্রুতি, এ সংক্রান্ত সভার কার্যবিবরণী, কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি নিয়মিতভাবে ইউনিটের ওয়েবসাইটে আপলোডকরণ। | সদস্য সচিব জানান, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, সেবা প্রদান প্রতিশ্রুতির ত্রৈমাসিক ও বার্ষিক পরিবীক্ষণ/মূল্যায়ন প্রতিবেদন, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী নিয়মিতভাবে ইউনিটের ওয়েবসাইটে আপলোড করা প্রয়োজন। ইউনিটের নোটিশ বোর্ডসহ সেবা বক্সসমূহ নিয়মিতভাবে হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়। | সেবা প্রদান প্রতিশ্রুতির সংক্রান্ত সকল কার্যক্রম নিয়মিতভাবে ইউনিটের ওয়েবসাইটে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপপরিচালক (প্রশাসন) |

৩। পরিশেষে আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/১০/২০২৩

মোঃ কামাল হোসেন
পরিচালক, প্রশা ও অর্থ
(অতিরিক্ত দায়িত্ব)
ফোন:+৮৮০-২-৪১০৫০৩৯১
ই-মেইল: cpeimu2011@gmail.com

স্মারক নং-৩৮.২০৫.০০১.০১.০০০.০৫৯.২০১৬. ৪৬১

তারিখ: ০৬ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
২২ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে
১। পরিচালক (প্রশাসন ও অর্থ)/(মনিটরিং-১/২), বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। উপপরিচালক (প্রশাসন)/(অর্থ ও হিসাব)/উপপরিচালক (সকল), ................... বিভাগ। এ ইউনিট।
৪। উপপরিচালক (প্রশাসন), এ ইউনিট। কার্যবিবরণীটি ইউনিটের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
৫। জনাব এস এম শংকর দেব সুতার, আইন কর্মকর্তা। এ ইউনিট।
৬। জনাব মোঃ আনোয়ার পারভেজ, হিসাবরক্ষণ অফিসার। এ ইউনিট।
৭। জনাব/বেগম ....................................., এ ইউনিট।
৮। পিএ টু মহাপরিচালক, এ ইউনিট। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৯। অফিস কপি।

মোঃ জিল্লুর রহমান
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন:+৮৮০-২-৪১০৫০৩৮৮
ই-মেইল: cpeimu2011@gmail.com